দৈনিক
ইত্তেফাক

তারিখ 05 MAY 2016
পৃষ্ঠা ২-৬ কলাম ২

# শিক্ষক সংকটসহ নানা সমস্যায় ষোলঘর প্রাইমারি স্কুল

■ বুরহান উদ্দিন, সুনামগঞ্জ প্রতিনিধি

সুনামগঞ্জ পৌরসভার ষোলঘর সরকারি প্রাথমিক বিদ্যালয়টি শিক্ষক সংকটসহ নানা সমস্যায় জর্জরিত। বর্তমানে শিক্ষক সংকটের কারণে বিপর্যস্ত হয়ে পড়েছে পাঠদান ও পরীক্ষা গ্রহণ কার্যক্রম।

সুনামগঞ্জ সদর উপজেলায় এই বিদ্যালয়ে শিক্ষার্থী সংখ্যা সবচেয়ে বেশি। বর্তমানে ৯৯৮ জন শিক্ষার্থী রয়েছে। অথচ বিদ্যালয়ে ১১ জন শিক্ষকের স্থলে আছেন মাত্র ৫ জন।

শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকরা জানান, শিক্ষক সংকটের কারণে এখানে মারাত্মকভাবে পাঠদান ব্যাহত হচ্ছে। একজন শিক্ষককে দুই-তিনটি ক্লাসের শিক্ষার্থীদের পড়াতে হয়। অনেক ক্লাসে শিক্ষকরা যেতে পারেন না। শিক্ষার্থীরা এসে ঘণ্টা দুয়েক খেলাধুলা আর হৈ-হুল্লোড় করে বাড়িতে চলে যায়। তারপরও এবারের প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় পৌর শহরের ১১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে সবচেয়ে ভালো ফল হয়েছে তাদের। আটজন শিক্ষার্থী এ বছর বৃত্তি পেয়েছে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক কোহিনুর বেগম জানান, 'ডেপুটেশনসহ ছুটিজনিত নানা কারণে বর্তমানে তীব্র শিক্ষক সংকট দেখা দিয়েছে। দ্রুত সংকট দূর করা না গেলে পাঠদান কার্যক্রম ভেঙে পড়বে।

জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. হযরত আলী জানান, এই বিদ্যালয়ের বিষয়ে তিনি অবগত আছেন। দুই শিক্ষকের ডেপুটেশন বাতিল করে তাদের পুনরায় ওই স্কুলে পাঠানো হবে। যারা চিকিৎসা ছুটিতে আছেন, তাদের স্থলেও শিক্ষক দেয়া হবে।